# বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন
# BANGLADESH OLYMPIC ASSOCIATION

**President**
General S M Shafiuddin Ahmed, SBP, OSP, ndu, psc, PhD

**Secretary General**
Syed Shahed Reza


## সাধারণ নির্দেশিকা
## শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস-২০২৩
## বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশন (বিওএ)

১। ভূমিকা :

শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস-২০২৩ বিওএ'র তত্ত্বাবধানে অনুষ্ঠিত হতে যাচ্ছে। গেমসটিতে বাংলাদেশের তৃণমূল হতে তরুণ ও তরুণী খেলোয়াড়দের অংশগ্রহণ ও কৃতি খেলোয়াড়দের জাতীয় পর্যায়ে সম্পৃক্ততার একটি সুযোগ করে দিবে। গেমসটি আন্তঃউপজেলা, আন্তঃজেলা ও সর্বশেষ জাতীয় পর্যায়ে ঢাকাতে অনুষ্ঠিত হবে। উক্ত গেমসটি আয়োজন করার জন্য ইতোমধ্যে কেন্দ্রীয় পর্যায় হতে শুরু করে জেলা পর্যন্ত শক্তিশালী সাংগঠনিক কমিটি গঠন প্রক্রিয়াধীন রয়েছে। ইতোমধ্যে শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস-২০২৩ আয়োজনের জন্য সকল পর্যায়ের নীতি নির্ধারকদের সাথে বৈঠক করে গেমসটি সাফল্যমন্ডিতভাবে আয়োজনের ব্যাপারে সকলের মতামত সন্নিবেশিত করে একটি নীতিমালা চূড়ান্ত করা হয়েছে। গেমসটি যেন সুষ্ঠভাবে আয়োজন করা যায় সে উদ্দেশ্যকে সামনে রেখে এই সাধারণ নির্দেশিকা সংশ্লিষ্ট সকলের প্রস্তুতি গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২। <u>উদ্দেশ্য ও লক্ষ্য :</u>

ক। দেশব্যাপী উদীয়মান তরুণ-তরুণীদের খেলাধুলায় অধিক অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা।
খ। বিভিন্ন ডিসিপ্লিনের সম্ভাবনাময় ও প্রতিভাবান খেলোয়াড়দের খুঁজে বের করা।
গ। বিভিন্ন আন্তর্জাতিক প্রতিযোগিতায় আরও প্রতিভাবান খেলোয়াড়দের অংশগ্রহণ এবং আন্তর্জাতিক পরিমন্ডলে দেশের অবস্থানকে সমুন্নত করা।

৩। <u>যুব গেমস হতে সম্ভাব্য ফলাফল/প্রভাব</u>

ক। দেশব্যাপী তরুণ ও তরুণীদের খেলাধুলায় অধিক অংশগ্রহণে উৎসাহী করার মাধ্যমে ভবিষ্যতের জন্য প্রতিভাবান খেলোয়াড়দের খুঁজে বের করা।
খ। তৃণমূল পর্যায়ে খেলাধুলাকে আরও সম্প্রসারিত করা। সর্বস্তরের বিনোদনের মাধ্যমে ক্রীড়ামোদী করে গড়ে তোলা।
গ। প্রতিভাবান খেলোয়াড়দের স্ব-স্ব ফেডারেশন কর্তৃক আধুনিক/প্রযোজ্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য সুযোগ সৃষ্টি করা।
ঘ। দেশব্যাপী তৃণমূল পর্যায়ে সকল ক্রীড়া সংগঠকদের প্রতিযোগিতা আয়োজনে উৎসাহিত ও অভিজ্ঞতার সুযোগ সৃষ্টি করা।
ঙ। উপজেলা, জেলা ও সর্বোপরি বিভাগীয় পর্যায়ের সর্বস্তরের তরুণদের খেলাধুলার সাথে সম্পৃক্ত করা।
চ। সকল আন্তর্জাতিক প্রতিযোগিতা সমূহের জন্য প্রস্তুতি গ্রহণে সহায়তা করা।
ছ। তরুণ সমাজের মধ্যে খেলাধুলার মাধ্যমে কর্মউদ্দীপনা জাগ্রত করা এবং স্বাস্থ্য সুরক্ষায় সচেতন করা।
জ। নতুন প্রজন্মকে খেলাধুলা এবং তৎসংক্রান্ত সংগঠনের সাথে সম্পৃক্ত করা।


**Olympic Bhaban**, Rajuk Avenue, Outer Stadium, Purana Paltan, Dhaka-1000, Bangladesh.
PABX Phone: +880-2-41050854-7, Fax: +880-2-223383304, E-mail: nocban@gmail.com, Web: www.nocban.org

৪। <u>প্রতিযোগিতা আয়োজনের কর্মপরিকল্পনা ঃ</u>

| | |
|---|---|
| প্রথম পর্ব - আন্তঃউপজেলা | ঃ ০২-১০ জানুয়ারী ২০২৩ |
| দ্বিতীয় পর্ব- আন্তঃজেলা | ঃ ১৬-২২ জানুয়ারী ২০২৩ |
| চূড়ান্ত পর্ব-ঢাকা | ঃ ২৬ ফেব্রুয়ারী ২০২৩ হতে ০৪ মার্চ ২০২৩ |

<u>প্রতিযোগিতায় অংশগ্রহনের মূল নীতিমালাঃ</u>

**ক। উপজেলা পর্যায়ে সর্বাধিক ৮টি (২টি দলীয়) এবং ন্যূনতম ৫টি (২টি দলীয়) ডিসিপ্লিনে এন্ট্রি প্রদান করতে পারবে। উভয় ক্ষেত্রেই ২টি দলীয় ডিসিপ্লিনে অংশগ্রহন বাধ্যতামূলক।**

**খ। জেলা কর্তৃক আন্তঃউপজেলা প্রতিযোগিতা আয়োজনের জন্য এন্ট্রি প্রদানকৃত খেলা সমূহের মধ্য হতে যে কোন খেলায় ন্যূনতম ৪টি দল (সর্বাধিক ৬টি দল) এবং বিভাগ কর্তৃক আন্তঃজেলা প্রতিযোগিতা আয়োজনের জন্য এন্ট্রি প্রদানকৃত খেলা সমূহের মধ্য হতে যে কোন খেলায় ন্যূনতম ৫টি দল অংশগ্রহন বাধ্যতামুলক। অংশগ্রহনকারী দলের সংখ্যা কম হলে উক্ত ডিসিপ্লিনের খেলা আয়োজন করা যাবে না।**

**গ। বাংলাদেশের সকল তরুণ-তরুণী যারা ০২ জানুয়ারী ২০০৬ সালে অথবা তার পরবর্তী সময়ে জন্মগ্রহণ করেছে শুধু তারাই এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। বয়স সীমা যাচাই এর ক্ষেত্রে জন্ম সনদকে মূল ভিত্তি হিসেবে গণ্য করা হবে।**

৫। <u>তথ্য ও নির্দেশনাবলী :</u>

ক। বাংলাদেশ যুব গেমস প্রতি ৪ বছর অন্তর অন্তর আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

খ। প্রতিযোগিতা আন্তর্জাতিক আইন অনুসরণ করে জাতীয় ফেডারেশনের ধারা ও উপধারা অনুযায়ী পরিচালিত হবে।

গ। বাংলাদেশের ৮টি বিভাগের অন্তর্গত জেলা ও উপজেলা সমূহ উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। প্রথমে উপজেলা পর্যায়ে খেলোয়াড় বাছাই এর মাধ্যমে উপজেলা দল গঠিত হবে। জেলা পর্যায়ে সকল উপজেলা দল সমূহের মধ্যে বিভিন্ন ডিসিপ্লিনে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ও সেরা খেলোয়াড় নিয়ে জেলা দল গঠন করা হবে। পরবর্তীতে বিভাগীয় পর্যায়ে জেলা দল সমূহের মধ্যে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

ঘ। প্রতিযোগীদেরকে অবশ্যই নিজ নিজ উপজেলা/জেলার হয়ে অংশগ্রহণ করতে হবে। বিকেএসপি বা অন্য কোন সংস্থা/দল/ক্লাব এ প্রতিযোগীতায় অংশগ্রহণের জন্য যোগ্য নহে এবং এসকল প্রতিষ্ঠানের খেলোয়াড়েরা নিজ নিজ উপজেলা, জেলা এবং বিভাগের প্রতিনিধিত্ব করবে।

ঙ। যদি কোন খেলোয়াড় তার উপজেলা/জেলা আয়োজিত ইভেন্ট/ডিসিপ্লিন অংশগ্রহনে সমর্থ না হয়, সেক্ষেত্রে ঐ খেলোয়াড় যোগ্যতা এবং চাহিদার ভিত্তিতে যে কোন জেলা/উপজেলার প্রতিনিধিত্ব করতে পারবে।

চ। উপজেলা/জেলা/বিভাগের প্রতিযোগিতা সমূহ কর্তৃপক্ষ সুবিধামত জায়গায় টেকনিক্যাল হ্যান্ডবুকে নির্ধারিত সময়সূচীর মধ্যে আয়োজন সম্পন্ন করতে পারবে। আন্তঃউপজেলা, আন্তঃজেলা ও আন্তঃবিভাগ ভেন্যু যে কোন উপজেলা, জেলা ও বিভাগীয় সদরে হতে পারে।

ছ। আন্তঃবিভাগীয় প্রতিযোগীতার কয়েকটি ভেন্যু হতে পারে।

**President**
General S M Shafiuddin Ahmed, SBP, OSP, ndu, psc, PhD

**Secretary General**
Syed Shahed Reza

৬। **ডিসিপ্লিন সমূহ ঃ**

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে সাধারনত যে সব খেলা অনুষ্ঠিত হয়ে থাকে তাকে প্রাধান্য দিয়ে ও আন্তর্জাতিক পর্যায়ে যে সকল গেমসে বাংলাদেশের সাফল্য উল্লেখযোগ্য ও জনপ্রিয়তার ভিত্তিতে মোট ২৪টি ডিসিপ্লিনের খেলা নির্বাচন করা হয়েছে। সম্ভাব্য বেশি সংখ্যক ডিসিপ্লিনে অংশগ্রহণ করার নিমিত্তে সকলকে উদ্বুদ্ধকরণের জন্য ব্যবস্থা গ্রহণ প্রশংসিত হবে। প্রতিটি পর্যায়ে ব্যক্তিগত ইভেন্টে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রতিযোগিদের প্রণোদনা ও বিওএ হতে প্রশংসা পত্র দেয়া হবে। দলগত পর্যায়ে ১ম ও ২য় স্থান অধিকারকারী দলকেও একইভাবে পুরুস্কৃত করা হবে। শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস-২০২৩ এর ডিসিপ্লিনসমূহ নিম্নরূপ :

| দলগত | একক | |
|---|---|---|
| ১। ফুটবল | ১। এ্যাথলেটিকস | ৯। কুস্তি |
| ২। ভলিবল | ২। সাঁতার | ১০। জুডো |
| ৩। বাস্কেটবল | ৩। আরচ্যারী | ১১। উশু |
| ৪। হকি | ৪। শ্যূটিং | ১২। ভারোত্তোলন |
| ৫। কাবাডি | ৫। টেবিল টেনিস | ১৩। বক্সিং |
| ৬। হ্যান্ডবল | ৬। স্কোয়াশ | ১৪। ব্যাডমিন্টন |
| ৭। রাগবী | ৭। কারাতে | ১৫। দাবা |
| | ৮। তায়কোয়ানডো | ১৬। সাইক্লিং |
| | | ১৭। জিমন্যাষ্টিকস |
| **নোটঃ জিমন্যাষ্টিকস্ এবং রাগবী পরে সংযুক্ত হয়েছে।** | | |

ক। উপজেলা/জেলা/বিভাগের প্রতিযোগিতা সমূহ তাদের সুবিধামত জায়গায় আয়োজন করবে। এক্ষেত্রে উদাহরণ স্বরূপ কোথায়ও যদি সুইমিংপুল/এ্যাথলেটিক্স ট্র্যাক না থাকে সে ক্ষেত্রে কোন পুকুর/দীঘি বা মাঠকে বিকল্প হিসাবে বেছে নেয়া যেতে পারে। তবে খেলোয়াড়দের নিরাপত্তার বিষয়টিকে অবশ্যই প্রাধান্য দিতে হবে।

*** যোগ্যতা নির্ধারণের জন্য টেকনিক্যাল কমিটির মতামত সাপেক্ষে।**

খ। মশাল র‍্যালী- শেখ কামাল ২য় বাংলদেশ যুব গেমসের মশাল টুঙ্গিপাড়ার বঙ্গবন্ধু সমাধিস্থলে প্রজ্জ্বলন করে ঢাকার আবাহনী লিমিটেড ক্লাবে অবস্থিত শেখ কামালের প্রতিকৃতে আনা হবে। সেখান থেকে উদ্বোধনী অনুষ্ঠানস্থলে নেয়া হবে।

গ। উপজেলা সমূহ আন্তঃউপজেলা পর্যায়ের খেলার ফলাফল জেলা ক্রীড়া সংস্থায় প্রেরন করবে এবং জেলা সমূহ আন্তঃজেলা পর্যায়ের খেলার ফলাফল সংশ্লিষ্ট বিভাগ ও বিওএতে প্রেরন করবে।

ঘ। জেলা ও বিভাগের প্রস্তুতি ও প্রতিযোগীতা অনুষ্ঠানের জন্য জেলা ক্রীড়া সংস্থা ও বিভাগীয় ক্রীড়া সংস্থাকে সম্পৃক্ত হতে হবে। এছাড়াও প্রতিটি ডিসিপ্লিনের জন্য জাতীয় ফেডারেশনের মাধ্যমে কারিগরী সহায়তা গ্রহণ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। খেলা সমূহের প্রস্তুতি ও আয়োজনের জন্য কেন্দ্রীয় পর্যায় ব্যতীতও বিভাগীয় ও জেলা পর্যায়ে বাস্তব সম্মত সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে যা নিম্নরূপ :

**Olympic Bhaban**, Rajuk Avenue, Outer Stadium, Purana Paltan, Dhaka-1000, Bangladesh.
PABX Phone: +880-2-41050854-7, Fax: +880-2-223383304, E-mail: nocban@gmail.com, Web: www.nocban.org

৭। বিভাগীয় সাংগঠনিক কমিটি

| | |
|---|---|
| সভাপতি | : বিভাগীয় কমিশনার |
| সহ-সভাপতি | : ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (সংশ্লিষ্ট বিভাগ) |
| সমন্বয়কারী | : স্থানীয় সেনাবাহিনীর এরিয়া কমান্ডারের প্রতিনিধি। |
| সদস্য সচিব | : সাধারন সম্পাদক, বিভাগীয় ক্রীড়া সংস্থা। |
| সদস্য | : বিভাগীয় ক্রীড়া সংস্থার অধীনস্থ জেলা সমূহের সাধারন সম্পাদকবৃন্দ। |
| | ফেডারেশনের ০১ জন প্রতিনিধি (প্রযোজ্যক্ষেত্রে) । |
| | বিওএ কর্তৃক মনোনীত ০১ জন সমন্বয়ক (সম্মানী প্রদান করা হবে)। |
| | বিভাগীয় মহিলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদিকা। |

৮। জেলা সাংগঠনিক কমিটি

| | |
|---|---|
| সভাপতি | : জেলা প্রশাসক। |
| সহ-সভাপতি | : সুপারেনটেনডেন্ট অব পুলিশ (সংশ্লিষ্ট জেলা)। |
| সদস-সচিব | : সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা। |
| সদস্য | : জেলা ক্রীড়া সংস্থার কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ। |
| | জেলা মহিলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদিকা। |
| উপদেষ্টা | : বিওএ প্রতিনিধি। |

৯। **আর্থিক সহায়তা :** প্রত্যেকটি উপজেলা, জেলা ও বিভাগকে বিওএ হতে যৌক্তিক আর্থিক সহায়তা প্রদান করা হবে যা খেলার ডিসিপ্লিনের উপর নির্ভর করে কম/বেশী হতে পারে।

১০। **চিকিৎসা :** প্রতিটি দল নিজ নিজ দলের জন্য চিকিৎসা সহায়তার ব্যবস্থা গ্রহণ করবে।

১১। **উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান :** বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম/বাংলাদেশ আর্মি ষ্টেডিয়ামে ২৬ ফেব্রুয়ারী ২০২৩ তারিখে উদ্বোধনী এবং ০৪ মার্চ ২০২৩ তারিখে সমাপনী অনুষ্ঠান আয়োজন করা হবে।

১২। **নিবন্ধন ও নথি সংরক্ষণ :** খেলায় অংশগ্রহণকারী সকল প্রতিযোগীগণকে উপজেলা (বিশেষক্ষেত্রে জেলা ও বিভাগ) কর্তৃক অবশ্যই নিবন্ধিত হতে হবে এবং এর ফলাফল ও তালিকা ভবিষ্যতের জন্য সংরক্ষণ করবে। অত্র পত্রের সাথে ১টি নিবন্ধন ফরমের নমুনা সংযুক্ত করা হলো। প্রত্যেক উপজেলা, জেলা ও বিভাগের প্রতিযোগিতা আয়োজনের উপর একটি প্রতিবেদন বিওএ-তে প্রতিযোগিতা শেষে প্রেরণ করবে।

১৩। **প্রচার :** ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া এর মাধ্যমে নির্দিষ্ট সময়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়াও বিভাগ/জেলার মনোনীত পর্যায়ের খেলোয়াড়দের দ্বারা র‍্যালীর মাধ্যমেও ব্যাপক উৎসাহ ও প্রচারের ব্যবস্থা করা হচ্ছে।

১৪। **মাসকট ও লোগোঃ** নির্বাচিত মাসকট ও লোগো এ নির্দেশিকার সাথে সংযুক্ত করা হলো।

১৫। **উপসংহার :** বাংলাদেশের তরুণ-তরুণীদের খেলাধুলার প্রতি অধিক আগ্রহী করার জন্য শেখ কামাল বাংলাদেশ ২য় যুব গেমস্ ২০২৩ একটি মাইলফলক হিসেবে আবির্ভূত হবে। ভবিষ্যতেও এই প্রক্রিয়া অব্যহত থাকবে। সুন্দর ও সু-শৃঙ্খল জাতি গঠনে এবং শেখ কামাল বাংলাদেশ ২য় যুব গেমস্ ২০২৩ কে সাফল্য মন্ডিত করতে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।


**Olympic Bhaban**, Rajuk Avenue, Outer Stadium, Purana Paltan, Dhaka-1000, Bangladesh.
PABX Phone: +880-2-41050854-7, Fax: +880-2-223383304, E-mail: nocban@gmail.com, Web: www.nocban.org

# শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস ২০২৩

## খেলোয়াড় রেজিস্ট্রেশন ফরম

১ কপি পাসপোর্ট সাইজ ছবি

জেলার নাম: ______________________

১। খেলোয়াড়ের নাম:
(বাংলা): ______________________
(ইংরেজী): ______________________

২। পিতার নাম: ______________________

৩। মাতার নাম: ______________________

৪। জন্ম তারিখ: ______________________

৫। অংশগ্রহনে ইচ্ছুক ডিসিপ্লিন ও ইভেন্টের নাম: ______________________

৬। স্থায়ী ঠিকানা: ______________________

৭। বর্তমান ঠিকানা: ______________________

৮। মোবাইল নাম্বার: ______________________

৯। জন্মনিবন্ধন নাম্বার: ______________________

______________________
জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক/সভাপতির সিলসহ স্বাক্ষর

______________________
খেলোয়াড়ের স্বাক্ষর ও তারিখ

# শেখ কামাল ২য় বাংলাদেশ যুব গেমস ২০২৩

## লোগো

## মাসকট

